## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৭ সালের উল্লেখযোগ্য অর্জনসমূহ:

১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর 'মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার' এর মাধ্যমে 'বিশ্বপ্রমাণ্য ঐতিহ্যের' স্বীকৃতি লাভের অসামান্য অর্জন উদ্‌যাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সোহরাওয়ার্দী উদ্যানে ২৫.১১.২০১৭ তারিখ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত ছিলেন।

২. পার্বত্য শান্তি চুক্তির ২০ বছর উদ্‌যাপন উপলক্ষে তিন পার্বত্য জেলায় ১ ডিসেম্বর ২০১৭ তারিখ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে বক্তব্য প্রদান করেন।

৩. ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সোহরাওয়ার্দী উদ্যানে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী বক্তব্য রাখেন।

৪. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে ০৬ টি নতুন প্রকল্প একনেক সভায় অনুমোদিত হয়েছে।

৫. ইউনেস্কো কর্তৃক ৬ ডিসেম্বর ২০১৭ 'শীতল পাটি' বিশ্ব অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্যের স্বীকৃতি প্রদান করা হয়েছে।

৬. বিল এ্যান্ড মিলিন্ডা গেটস্ ফাউন্ডেশন' এর অর্থায়নে ব্রিটিশ কাউন্সিল এর তত্ত্বাবধানে লাইব্রেরিজ আনলিমিটেড শীর্ষক প্রকলেপর মাধ্যমে গণগ্রন্থাগার অধিদপ্তরের ২৫টি লাইব্রেরিকে মডেল লাইব্রেরি হিসেবে মনোনয়ন দেয়া হয়েছে। এছাড়া লাইব্রেরিজ আনলিমিটেড শীর্ষক প্রকল্পের আওতায় গ্রন্থাগারের কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

৭. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কারা স্মৃতি জাদুঘর ও জাতীয় চার নেতার কারা স্মৃতি জাদুঘরের ৬৫টি নিদর্শনের সংরক্ষণ কাজ সম্পন্ন।

৮. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৫ ফেব্রুয়ারি তারিখকে 'জাতীয় গ্রন্থাগার দিবস' হিসেবে ঘোষণা দেয়া হয়েছে।

৯. বাংলাদেশ জাতীয় জাদুঘরে আগত দর্শকদের মধ্যে মায়েদের জন্য সন্তানকে মাতৃদুগ্ধ পানের জায়গার সুব্যবস্থা করা হয়েছে।

১০.রেজিস্ট্রেশন প্রক্রিয়ার সময় সংক্ষিপ্তকরণ : সৃজনশীল মেধাসম্পদের রেজিস্ট্রেশনের জন্য পূর্বে ৩ থেকে ৬ মাস সময়ের প্রয়োজন হতো। হেল্পডেস্ক এবং হেল্পলাইন স্থাপন ও অন্যান্য প্রচার কার্যক্রম গ্রহণের ফলে আবেদন নিষ্পত্তির প্রক্রিয়া সহজ হয়েছে এবং অধিকাংশ ক্ষেত্রে ৪৫ দিনের মধ্যে আবেদন নিষ্পত্তি করা হচ্ছে।

১১. বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যসমূহের মধ্যে কান্তজিউ মন্দির অন্যতম। এই মন্দিরটি ঘিরে একটি জাদুঘর প্রতিষ্ঠা করা হয়েছে। এতদঅঞ্চলে জাদুঘরের চাহিদা পূরণ এবং এ এলাকার প্রাচীনকীর্তি সম্পর্কে জ্ঞান আহরণের সুযোগ সৃষ্টি হয়েছে।

১২.ময়মনসিংহ মুক্তাগাছা জমিদার বাড়ি, মুন্সিগঞ্জ ইদ্রাকপুর দূর্গ, মানিকগঞ্জ বালিয়াটি প্রাসাদ প্রভৃতি প্রত্নস্থলের অসমাপ্ত Conservation কাজ সম্পাদন করা হয়েছে। কাজগুলো সম্পন্ন হলে পুরাকীর্তিগুলো যেমন রক্ষা পাবে তেমনি সরকারের রাজস্ব আয়ের সূচক বৃদ্ধি পাবে।

১৩.ইন্টার পার্লামেন্টারি (IPU) এর ১৩৬তম অ্যাসেম্বলি উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।

১৪.'এশিয়ান থিয়েটার সামিট ২০১৭' আয়োজন।

১৫. ২১ আগস্ট গ্রেনেড হামলার উপর নির্মিত 'বিহাইন্ড দ্যা গ্রেনেড' শীর্ষক প্রদর্শনীর আয়োজন।

১৬. বঙ্গবন্ধুকে নিবেদিত গানের ক্যালিওগ্রাফী ও মুক্তিযুদ্ধের নাটক মঞ্চায়ন।

১৭. লোকসংস্কৃতি সংগ্রহ ও সংরক্ষণ কার্যক্রম ২০১৬ এর আওতায় সংগৃহিত ১৩ হাজার গানের ডিভিডি প্রকাশনা সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন।

১৮. জাতীয় আরকাইভস ডিজিটাইজেশনের নিমিত্ত কাস্টমাইজকৃত আরকাইভ্যাল সফটওয়্যারে অন্তর্ভুক্তির জন্য ১,২৩,৮৩১ পৃষ্ঠা নথি (ইমেজ) স্ক্যান, ৫০৩ জনকে গবেষণা ও রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে এবং জাতীয় গ্রন্থাগারে Greenstone Software- অন্তর্ভূক্তির জন্য ১,২৫,৭০৩ পৃষ্ঠা স্ক্যান, কোহা সফটওয়্যারে ১০,১৩৭ টি ডাটা এন্ট্রি করা হয়েছে এবং লেখক ও প্রকাশকদের ৭৯১৮ টি ISBN বরাদ্ধ দেয়া হয়েছে। এছাড়া ২০,৯৩৬ জনকে পাঠক সেবা প্রদান করা হয়েছে

১৯. ১৩ থেকে ১৭ এপ্রিল ২০১৭ তারিখ ৫(পাঁচ) দিনব্যাপি ৪র্থ ফোকলোর সামার স্কুল, ঢাকা শীর্ষক উচ্চতর আন্তর্জাতিক ফোকলোর কর্মশালার আয়োজন করে। বাংলাদেশের ফোকলোর গবেষণা ও উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণের পাশাপাশি আন্তর্জাতিক পর্যায়ে ফোকলোরের সর্বসাম্প্রতিক তত্ত্ব, পদ্ধতি এবং বিভিন্ন আঙ্গিকের সঙ্গে বাংলাদেশের ফোকলোর চর্চাকারীদের নিবিড় পরিচয় করিয়ে দেওয়াই কর্মশালার মূল উদ্দেশ্য।

২০. বাংলা একাডেমির প্রেস আধুনিকায়ন
২১. অমর একুশে গ্রন্থমেলা ও বাংলা একাডেমি হীরক জয়ন্তী পালন
২২. আন্তর্জাতিক সাহিত্য সম্মেলন ২-৪ ফেব্রুয়ারি ২০১৭।
২৩. নজরুল ইন্সটিটিউট আইন ২০১৭ পাশের জন্য জাতীয় সংসদে প্রেরণ করা হয়েছে।
২৪. বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে ১লা বৈশাখ ১৪২৪/১৪ এপ্রিল ২০১৭ শুক্রবার সকাল ১০.০০ টায় নজরুল ইন্সটিটিউট মিলনায়তনে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
২৫. ৪১তম কলকাতা আন্তর্জাতিক পুস্তকমেলা ২০১৭-এ নজরুল ইন্সটিটিউটের অংশ গ্রহণ (২৫ জানুয়ারি ২০১৭-০৫ ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত)।
২৬. জাতীয় গ্রন্থকেন্দ্র গত তিন বছর যাবত জার্মানির ফ্রাঙ্কফুর্ট আন্তর্জাতিক বইমেলায় অংশগ্রহণ করে আসছে। এবছর ফ্রাঙ্কফুর্টে অনুষ্ঠিত (১১-১৫ অক্টোবর ২০১৭ তারিখ) আন্তর্জাতিক বইমেলায় বাংলাদেশের প্রতিনিধি হিসেবে জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালকসহ পাঁচ (০৫) সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল অংশগ্রহণ করেন।
২৭. ১৪-২৪ ডিসেম্বর ২০১৭ সৌদি আরবের জেদ্দায় বইমেলায় জাতীয় গ্রন্থকেন্দ্র অংশগ্রহণ করে।
২৮. বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন এর প্রশাসনিক ভবনের সামনে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্রঞ্জ নির্মিত সর্বোচ্চ ভাস্কর্যের নির্মাণ, শিল্পাচার্য জয়নুল আবেদিনের ভাস্কর্য নির্মাণ, শেখ রাসেলের ভাস্কর্য নির্মাণ, নামাজ ঘর-মন্দির পুনর্নির্মাণ, ফাউন্ডেশনের সৌন্দর্য বর্ধন এবং দর্শনার্থীদের বসার স্থান নির্মাণ করা হয়েছে।

# মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির তথ্য

## মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতিঃ

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি | প্রতিশ্রুতির তারিখ, কোথায় বা কোন সভায় দিয়েছেন | প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি | দায়িত্বপ্রাপ্ত সংস্থা | প্রতিশ্রুতি বাস্তবায়নে প্রতিবন্ধকতা/সমস্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নারায়ণগঞ্জের 'সোনারগাঁও লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের উন্নয়ন' | ১৪.০২.২০১০<br><br>নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জে ১২০ মেগাওয়াট পিকিং পাওয়ার প্লান্টের উদ্বোধনের সময়। | সোনারগাঁও লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের উন্নয়ন প্রকল্পের আওতায় লোক ও কারুশিল্প জাদুঘরের সুযোগসুবিধা বৃদ্ধি, ফাউন্ডেশন এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণসহ কিছু ভৌত কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় স্টাফ কোয়ার্টার্স, কারুপল্লীর উন্নয়ন, জাদুঘর ভবন ও প্রশাসনিক ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ, লোকজ মঞ্চ, গেট, পার্কিং প্লেস নির্মাণ করা হয়েছে। ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের কাজ জুন ২০১২ এ সমাপ্ত হয়েছে। | সোনারগাঁও লোক ও কারুশিল্প ফাউন্ডেশন | **প্রতিশ্রুতি অনুযায়ী কাজ সমাপ্ত হয়েছে।** | বাস্তবায়িত |
| ০২ | বাংলা ভাষা ও সাহিত্যের গবেষণা ও উন্নয়ন | ০১.০২.২০১০<br><br>অমর একুশে<br><br>গ্রন্থমেলা- ২০১০ | 'খ্যাতনামা সাহিত্য ও সংস্কৃতিসেবীদের জীবন ও কর্ম বিষয়ক গ্রন্থ রচনা, তাঁদের রচনা সংগ্রহ, বাংলা ও বাঙালির ইতিহাস রচনা এবং আঞ্চলিক ও জাতীয় সাহিত্য সম্মেলন' শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এ কর্মসূচিটির একটি উপাদান হিসাবে বাংলা ভাষা ও সাহিত্যের গবেষণা ও উন্নয়ন বাস্তবায়িত হয়েছে। এ বিষয়ে দশটি গবেষণামূলক গ্রন্থ প্রকাশিত হয়েছে। আটটি সাহিত্য ও ঐতিহ্যমূলক গ্রন্থ প্রকাশিত হয়েছে। সৃষ্টিশীল ও মননশীল গ্রন্থ ১৪টি প্রকাশিত হয়েছে। ফোকলোর সংগ্রহমালা সিরিজগ্রন্থ ৬০টি রচিত হয়েছে। বাঙলা ও বাঙালির ইতিহাস তিন খন্ড প্রকাশিত হয়েছে।<br><br>'বাংলা একাডেমির বাংলা ব্যাকরণ ও প্রকাশনা' কর্মসূচির আওতায় জুন ২০১২ এর মধ্যে গবেষণামূলক প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ দুই খন্ড প্রকাশিত হয়েছে। 'বাংলা ভাষার বিবর্তনমূলক অভিধান' তিন খন্ডে প্রকাশিত হয়েছে। প্রতিশ্রুতি বাস্তবায়ন কাজ জুন ২০১৪ এ সমাপ্ত হয়েছে। | বাংলা একাডেমি | **প্রতিশ্রুতি অনুযায়ী কাজ বাস্তবায়িত হয়েছে।** | বাস্তবায়িত |

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি | প্রতিশ্রুতির তারিখ, কোথায় বা কোন সভায় দিয়েছেন | প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি | দায়িত্বপ্রাপ্ত সংস্থা | প্রতিশ্রুতি বাস্তবায়নে প্রতিবন্ধকতা/সমস্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | বর্ধমান হাউজ সংস্কার ও সংরক্ষণ | ২৪.১১.২০০৯ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC) সভায়। | বর্ধমান হাউজ সংস্কার ও সংরক্ষণ কর্মসূচির আওতায় গণপূর্ত অধিপ্তরের মাধ্যমে মেরামত, সংস্কার-সংরক্ষণ কাজ জুন ২০১৩ এ সম্পন্ন করা হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০%। | বাংলা একাডেমি | **প্রতিশ্রুতি অনুযায়ী কাজ সমাপ্ত হয়েছে।** | বাস্তবায়িত |
| ০৪ | বাংলা একাডেমি পুস্তক বিক্রয়কেন্দ্র পুন:নির্মাণ ও আধুনিকায়ণ। | ২৪.১১.২০০৯ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC) সভায়। | গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে 'বাংলা একাডেমি পুস্তক বিক্রয়কেন্দ্র পুন:নির্মাণ ও আধুনিকায়ণ' শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এ কর্মসূচির আওতায় পাঁচ তলা ভিতের ওপর পাঁচ তলা ভবন নির্মাণ করা হয়। কর্মসূচিটির বাস্তবায়নকাল ২০১২-১৩ থেকে ২০১৪-১৫। ভৌত নির্মাণ কাজ শেষ হয়েছে। ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ১০০%। | গণপূর্ত বিভাগ, স্থাপত্য অধিদপ্তর ও বাংলা একাডেমি | **প্রতিশ্রুতি অনুযায়ী কাজ সমাপ্ত হয়েছে।** | বাস্তবায়িত |
| ০৫ | চট্টগ্রামের হাটহাজারী উপজেলা সদরে 'কবি আলাওল পাবলিক হল নির্মাণ' | ২৭.০১.২০১০ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র ৪১.০৮.০৩.০০.০০. ০১.২০০৯-৩৪ | প্রস্তাবের ওপর ০৮.০৩.২০১০ তারিখে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপজেলা প্রশাসন স্থানীয় নেতৃবৃন্দের সাথে আলোচনা করে করণীয় সম্পর্কে জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়কে অবহিত করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। গত ১৯.০৫.২০১১ তারিখ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে একটি প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক বরাবর অনুরোধ করা হয়। জেলা প্রশাসক জানিয়েছেন যে কবি আলাওল পাবলিক হল নির্মাণের জন্য নির্ধারিত স্থানে দেওয়ানী মামলা আছে। সংশ্লিষ্ট স্থানে যেহেতু মামলা রয়েছে সে ক্ষেত্রে বিকল্প স্থানে প্রকল্পটি গ্রহণ করার বিষয়ে মতামত দেয়ার জন্য জেলা প্রশাসক, চট্টগ্রামকে অনুরোধ করা হয়েছে।<br><br>সর্বশেষ আলাওল পাবলিক হলের পক্ষে সাধারণ সম্পাদক কর্তৃক দাখিলকৃত নকশা হাটহাজারী পৌরসভা ১৩.০৭.২০১৫ তারিখে অনুমোদন করেছেন। | জেলা প্রশাসক, চট্টগ্রাম | হাটহাজারি সহকারী জজ আদালতে উক্ত জমির ওপর দু'টি মামলা রয়েছে। | |

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি | প্রতিশ্রুতির তারিখ, কোথায় বা কোন সভায় দিয়েছেন | প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি | দায়িত্বপ্রাপ্ত সংস্থা | প্রতিশ্রুতি বাস্তবায়নে প্রতিবন্ধকতা/সমস্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০৬ | 'সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি মিউজিয়াম নির্মাণ, কুমারখালী, কুষ্টিয়া। | ০৫.০৪.২০০৯ প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইউ.ও. নোট ১৫.৩৯.১৬.০০.০০ .১০.২০০৯-১৭৬ | কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলায় গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে ০.২২৭ একর জমির ওপর ৭৩৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি মিউজিয়াম নির্মাণ করা হচ্ছে। ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ১০০%। বাস্তবায়নকাল : জুলাই-২০১২ থেকে জুন-২০১৬। প্রকল্পটি জুন ২০১৬ তে সমাপ্ত হয়েছে। | বাংলাদেশ জাতীয় জাদুঘর | **প্রতিশ্রুতি অনুযায়ী কাজ বাস্তবায়িত হয়েছে।** | বাস্তবায়িত |
| ০৭ | বরিশাল পুরাতন কালেক্টর ভবনে জাদুঘর স্থাপন। | ২২.০২.২০১১<br><br>বরিশাল জেলা সফরকালে।<br><br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইউ.ও. নোট ০৩.০০১.০০০.০০. ০০.০৬.২০১১-১০৬ | প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক 'বরিশাল পুরাতন কালেক্টর ভবনে জাদুঘর স্থাপন' শীর্ষক কর্মসূচিটি বাস্তবায়ন করা হয়েছে। এ কর্মসূচির আওতায় বরিশাল পুরাতন কালেক্টরেট ভবনের সংস্কার, মেরামত এবং জাদুঘরে রুপান্তর করা হয়েছে। বাস্তব কাজের অগ্রগতি ১০০%। | প্রত্নতত্ত্ব অধিদপ্তর | **প্রতিশ্রুতি অনুযায়ী কাজ বাস্তবায়িত হয়েছে।** | বাস্তবায়িত |
| ০৮ | সাতক্ষীরার ঐতিহাসিক নির্দশনসমূহ সংরক্ষণ করা এবং একটি জাদুঘর স্থাপন (শ্যামনগর উপজেলায় প্রতিশ্রুতি) | ২৩.০৭.২০১০<br><br>সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলা সফরকালে।<br><br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইউ.ও. নোট ১১.৩৯.১৬.০০.০ ০.০৬.২০০৯-৫১৪ | জাদুঘর স্থাপনের লক্ষে জমি নির্ধারণের বিষয়ে সাতক্ষীরা সদর উপজেলা পরিষদ কমপ্লেক্সের সন্নিকটে ব্যক্তি মালিকানাধীন সম্পত্তিতে ভূমি অধিগ্রহণ সাপেক্ষে জাদুঘর স্থাপন করা যেতে পারে মর্মে জেলা প্রশাসক, সাতক্ষীরা মতামত প্রদান করেন। প্রস্তাবিত স্থানটি পরিদর্শন করে গ্রহণযোগ্য না হওয়ায় বিকল্প স্থান নির্ধারণের জন্য গত ২৯.০৯.২০১৩ তারিখে প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক জেলা প্রশাসক, সাতক্ষীরাকে অনুরোধ করা হয়। অনুরোধের পরিপ্রেক্ষিতে সাতক্ষীরা জেলা সদরের গোপিনাথপুর মৌজার এস এ ১১৭৪ নম্বর খতিয়ানের ১২৮৩ নম্বর দাগের ০.৩০ একর এবং এস এ ২৪ নম্বর খতিয়ানের ১২৮৪ নম্বর দাগের ০.১৭ একর সর্বমোট ০.৪৭ একর জমির স্কেচম্যাপ প্রেরণ করেছে। পরবর্তীতে মন্ত্রণালয় হতে জাদুঘর স্থাপনের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। কিন্তু অনুমোদনকৃত জমি নিয়ে হাইকোর্টে মামলা থাকায় বিকল্প জমি খোঁজা হচ্ছে।<br><br>সাতক্ষীরা জেলার সংরক্ষণযোগ্য ১০টি | প্রত্নতত্ত্ব অধিদপ্তর | প্রকল্পের কাজ আংশিক<br><br>বাস্তবায়িত হয়েছে। | আংশিক<br><br>বাস্তবায়িত |

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি | প্রতিশ্রুতির তারিখ, কোথায় বা কোন সভায় দিয়েছেন | প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি | দায়িত্বপ্রাপ্ত সংস্থা | প্রতিশ্রুতি বাস্তবায়নে প্রতিবন্ধকতা/সমস্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | পুরাকীর্তি সংরক্ষণ বিজ্ঞপ্তি জারী ও গেজেটে প্রকাশ করা হয়েছে। | | | |
| ০৯ | খুলনা জেলা শিল্পকলা একাডেমীর আধুনিক ভবন এবং অডিটরিয়াম নির্মাণ। | ০৫.০৩.২০১১<br>খুলনা জেলা সফরকালে খারূপুরে অনুষ্ঠিত সভায়।<br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইউ.ও. নোট<br>০৩.০০১.০০০.০০.০০ .০৬.২০১১-১২৮ | বাংলাদেশ শিল্পকলা একাডেমী কর্তৃক প্রস্তাবিত 'বিভাগীয় ও জেলা শিল্পকলা একাডেমী নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় খুলনা জেলা শিল্পকলা একাডেমীর আধুনিক ভবন এবং অডিটরিয়াম নির্মাণ প্রকল্পটি গত ২১.০৫.২০১৪ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে। ভবন এবং অডিটরিয়াম নির্মাণের কাজ শুরু হয়েছে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমী | **নির্মাণ কাজ চলছে।** | বাস্তবায়নাধীন |
| ১০ | নারায়ণগঞ্জে শিল্পকলা একাডেমী ভবন নির্মাণ। | ২০.০৩.২০১১<br>নারায়ণগঞ্জ জেলা সফরকালে।<br>২০-০৩-২০১১ তারিখ।<br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইউ.ও. নোট<br>০৩.০০১.০০০.০০.০০.০৬ .২০১১-২০২ | বাংলাদেশ শিল্পকলা একাডেমী কর্তৃক প্রস্তাবিত 'বিভাগীয় ও জেলা শিল্পকলা একাডেমী নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জে শিল্পকলা একাডেমী ভবন নির্মাণ বিষয়ে গত ২১.০৫.২০১৪ তারিখে একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়েছে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমী | **নির্মাণ কাজ চলছে।** | ভবন নির্মাণাধীন |
| ১১ | টাঙ্গাইলকে সাংস্কৃতিক নগরী হিসেবে প্রতিষ্ঠা করা। | ৩০.০৬.২০১২<br>টাঙ্গাইল জেলা সফরকালে।<br>ভূয়াপুর ও হেমনগর রেলওয়ে স্টেশনে অনুষ্ঠিত পথ সভায়। | বাংলাদেশ শিল্পকলা একাডেমীকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলে টাঙ্গাইলকে সাংস্কৃতিক নগরী হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক, সে বিষয়ে জেলা প্রশাসক, টাঙ্গাইল এর মতামত চাওয়া হয়। জেলা প্রশাসক টাঙ্গাইল সাংস্কৃতিক নগরী হিসেবে প্রতিষ্ঠার বিষয়ে গত ২৪.০৩.২০১৩ তারিখে মতামত প্রদান করেছেন। মতামত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের এবং মন্ত্রণালয়কে অগ্রগতি অবহিত করার জন্য বাংলাদেশ | বাংলাদেশ শিল্পকলা একাডেমী | | টাঙ্গাইল জেলাকে সাংস্কৃতিক নগরী হিসেবে প্রতিষ্ঠায় কোন প্রকল্প গ্রহণ করা হয়নি। |

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি | প্রতিশ্রুতির তারিখ, কোথায় বা কোন সভায় দিয়েছেন | প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি | দায়িত্বপ্রাপ্ত সংস্থা | প্রতিশ্রুতি বাস্তবায়নে প্রতিবন্ধকতা/সমস্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইউ.ও. নোট : ০৩.০০১.০০০.০০.০০.০৬.২০১২-৩৬৭ | শিল্পকলা একাডেমীকে পত্র প্রেরণ করা হয়। বর্তমানে সংস্কৃতি মন্ত্রণালয়ে মেরামতযোগ্য ৪৪টি শিল্পকলা একাডেমীর মধ্যে ১৫টি শিল্পকলা একাডেমী মেরামত ও সংস্কারের অনুমোদন পাওয়া গেছে। অবশিষ্ট ২৯টির মধ্যে টাঙ্গাইল জেলা শিল্পকলা একাডেমী রয়েছে। বাংলাদেশ শিল্পকলা একাডেমী হতে এই ২৯টি শিল্পকলা একাডেমী মেরামতের জন্য প্রাপ্ত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | | | |
| ১২ | নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর সাংস্কৃতিক কর্মকান্ড বিকাশের জন্য মধুপুরে একটি সাংস্কৃতিক একাডেমী প্রতিষ্ঠা করা। | ৩০.০৬.২০১২ টাঙ্গাইল জেলা সফরকালে।<br><br>ভূয়াপুর ও হেমনগর রেলওয়ে স্টেশনে অনুষ্ঠিত পথ সভায়।<br><br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইউ.ও. নোট :<br>০৩.০০১.০০০.০০.০০.০৬.২০১২-৩৬৭ | মধুপুর উপজেলাধীন রামকৃষ্ণ মৌজাস্থ ৫০ শতাংশ খাস জমি বন্দোবস্ত করে সাংস্কৃতিক একাডেমী নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। উপজেলা শিল্পকলা একাডেমী স্থাপন প্রকল্পের আওতায় মধুপুরকে অন্তর্ভুক্ত করা হয়েছে । গত ১৮.০৭.২০১৩ তারিখে এ প্রকল্পের উপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভায় বিভাগীয় ও জেলা শিল্পকলা একাডেমী এবং জেলা শিল্পকলা একাডেমীর মেরামত ও সংস্কার প্রকল্প বাস্তবায়নের পরে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমী | উপজেলা সংস্কৃতি কেন্দ্র নির্মাণে প্রকল্প গ্রহণ করা হচ্ছে। এর আওতায় মধুপুর উপজেলাকে অন্তর্ভুক্ত করা হবে। | উদ্যোগ গৃহীত |
| ১৩ | টুঙ্গিপাড়াস্থ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পূর্ব পুরুষদের আবাসস্থল সংরক্ষণের নিমিত্তে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আওতায় হস্তান্তরকরণ। | ০৫.০৭.২০০৯<br><br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইউ.ও. নোট<br><br>১২.৩৯.১৬.০০.০০.০১.২০০৯-৫৮ | 'টুঙ্গিপাড়াস্থ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পূর্বপুরুষদের আবাসস্থল' গত ০৩.০২.২০১০ থেকে প্রত্নতত্ত্ব অধিদপ্তর বরাবর হস্তান্তর করা হয়েছে। সংস্কার-সংরক্ষণ কাজ নিয়মিত রাজস্ব বাজেটের আওতায় প্রত্নতত্ত্ব অধিদপ্তর থেকে করা হচ্ছে। | প্রত্নতত্ত্ব অধিদপ্তর | **প্রতিশ্রুতি অনুযায়ী কাজ বাস্তবায়িত হয়েছে।** | বাস্তবায়িত |

০৮/১০/১৮
টি এম মুস্তা তালুকদার
সহকারী সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার